দৈনিক বাংলা

তারিখ ..29 OCT 1992.. ...
পৃষ্ঠা··· ৩ ····কলাম··· ২ ···

37

# ছাত্র রাজনীতিতে সুস্থ ধারা প্রবর্তন করতে চাই ঃ শেখ হাসিনা

বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী ও জাতীয় সংসদে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা বলেছেন ঃ আমরা দেশের ছাত্র রাজনীতিতে সুস্থ ধারার প্রবর্তন করতে চাই। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস নির্মূল করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে হবে।

শেখ হাসিনা বুধবার ২৯ মিন্টু রোডস্থ তাঁর সরকারী বাসভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় ও ঢাকা মহানগর জাসদ সমর্থিত ছাত্রলীগের শতাধিক নেতা–কর্মীর আওয়ামী লীগ সমর্থিত ছাত্র লীগে যোগদান উপলক্ষে এক সমাবেশে এই কথা বলেন। তিনি সোনার বাংলা গড়ে তোলা এবং স্বাধীনতার সুফল প্রতিটি মানুষের ঘরে পৌঁছে দেয়ার কাজে আত্মনিয়োগ করতে ছাত্রদের প্রতি আহবান জানান। শেখ হাসিনা সন্ত্রাস দমন অধ্যাদেশকে কালাকানুন হিসাবে উল্লেখ করে এই আইনের বিরুদ্ধে আন্দোলন করতে ছাত্রদের পরামর্শ দেন।

অনুষ্ঠানে আওয়ামী লীগ নেতা আমির হোসেন আমুসহ ছাত্রলীগ নেতৃবৃন্দ বক্তৃতা করেন। এতে সভাপতিত্ব করেন ছাত্রলীগ সভাপতি মাইনুদ্দীন হাসান চৌধুরী। যোগদানকারী ছাত্ররা শেখ হাসিনাকে ফুলের তোড়া উপহার প্রদান করেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।